

## রোগের নাম

রানীক্ষেত রোগ (Newcastle Disease) একটি ভাইরাসজনিত রোগ।

## রোগের লক্ষণ

- আক্রান্ত মুরগী-মুরগী বিমানে থাকে।
- উচ্চ মৃত্যু হার দেখা যায়, অনেক সময় ৫০% বা তার বেশী হয়।
- সাদা চূনের মত মল ত্যাগ করে।
- শ্বাস-প্রশ্বাস দ্রুত হয় এবং হা করে নিশ্বাস নেয়।
- ঘাড় বেঁকে যায়, আবার কখনও একস্থানে চক্রাকারে ঘুরতে থাকে।
- মুরগী দুর্বল হয়ে ঠোঁট ও বুক মাটিতে লাগিয়ে বসে থাকে।
- পায়খানার রং কোন কোন সময় সাদা, সবুজ ও হলুদ বর্ণের মিশ্রণ বা শুধু সবুজ বা হলুদ হতে পারে।
- ডানা নীচের দিকে ঝুলে পড়ে।



মুরগীর বিমানো লক্ষণ

## ময়না তদন্ত রিপোর্ট

- শ্রোভেন্টিকুলাসে রক্তক্ষরণ হয়, অনেক সময় ছোট ছোট ক্ষত দেখা যায়।
- অস্ত্রে রক্তক্ষরণ দেখা যায়।
- পিত্তথলি ও হৃৎপিণ্ডে পচন দেখা যায় আবার কখনও কখনও রক্ত ক্ষরণ দেখা যায়।
- ওভারিয়ান ফলিকুল ও ডিম্বাশয় রক্তপাত হয়।



ডানা ঝুলে পড়া ও চুনা পয়খানা লক্ষণ

## রোগের বিস্তার

- রোগাক্রান্ত মুরগীর লালা, কফ অর্থাৎ আক্রান্ত মুরগী-মুরগীর সরাসরি যোগাযোগের কারণে।
- বাতাসের ধূলিকাণার মাধ্যমে।
- মানুষ, কাপড়-চোপড়, জুতা স্যান্ডেল ইত্যাদির মাধ্যমে।

## রোগ ব্যবস্থাপনা

- বায়োসিকিউরিটি সঠিকভাবে মেনে চলতে হবে এবং সময় মত অবশ্যই ভ্যাকসিন দিতে হবে।
- যেহেতু এটি একটি ভাইরাস ঘটিত রোগ তাই এ রোগের কোন প্রতিষেধক ওষধ নেই, তবে সেকেন্ডারী ইনফেকশন রোধ করার জন্য এন্টিবায়োটিক ব্যবহার করতে হবে।

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub  
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে  
ভিজিট করুন [www.ekrishok.com](http://www.ekrishok.com) ওয়েবসাইটে

